দৈনিক
ইনকিলাব

তারিখ 14 MAR 2009
পৃষ্ঠা ৩ কলাম ৪

# রাজধানীর ৩০ স্কুলের অংশগ্রহণে বিজ্ঞান মেলা সমাপ্ত

স্টাফ রিপোর্টার

রাজধানীর সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল শুক্রবার শেষ হয়েছে তিনদিনব্যাপী বিজ্ঞান মেলা। বিদ্যালয়ের সিনটিলা সায়েন্স ক্লাব আয়োজিত মেলায় রাজধানী ঢাকার খ্যাতনামা প্রায় ৩০টি স্কুল ও কলেজের শিক্ষার্থীরা অংশ নেয়। মোট ৫০৩টি বিজ্ঞান প্রকল্প প্রদর্শন করে শিক্ষার্থীরা। মোহাম্মদপুরের আসাদ এভিনিউয়ে বিদ্যালয় ক্যাম্পাসে গত বুধবার সকালে মেলা উদ্বোধন করেন প্রধান অতিথি বাংলাদেশে ভ্যাটিকান সিটির রাষ্ট্রদূত মোস্ট রেভারেন্ড যোসেফ মারিনো। তিনি বলেন, বিজ্ঞানের সঙ্গে ধর্মের বিরোধ আছে বলে আপাতভাবে মনে হলেও প্রকৃতপক্ষে তা ঠিক নয়। বিজ্ঞান ও ধর্ম মানবজাতির অগ্রগতির ক্ষেত্রে একে অপরের সহায়ক। অনুষ্ঠানে বিদ্যালয়ের অধ্যক্ষ ব্রাদার লিও জে পেরেরা সিএসসি বলেন, বিজ্ঞান মেলায় স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন প্রকল্প প্রদর্শন করেছে শিক্ষার্থীরা। এ মেলা সামগ্রিকভাবে শিক্ষার্থীদের বিজ্ঞানমনস্ক হিসেবে গড়ে তুলতে সহায়তা করছে।

বিজ্ঞান মেলার শেষ দিনে গতকাল প্রদর্শিত প্রকল্পগুলোর মধ্য থেকে বিভিন্ন ক্যাটাগরিতে সেরা প্রকল্প বাছাই করা হয়। এসব প্রকল্প উপস্থাপনকারী শিক্ষার্থীদের পুরস্কৃত করা হবে আগামী ২০ মার্চ। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. ইজাজ হোসেন। রাজধানীর আসাদগেটস্থ ঐতিহ্যবাহী ইংরেজী মাধ্যম শিক্ষাপ্রতিষ্ঠান এস এফ এক্স গ্রীন হ্যারল্ড ইন্টারন্যাশনাল স্কুলে গতকাল শুক্রবার শেষ হলো মেলা। দু'দিনব্যাপী আয়োজিত বিজ্ঞান মেলায় প্রায় ১৫০টির মত বিজ্ঞান প্রকল্প উপস্থাপন করে স্কুলের ক্ষুদে বিজ্ঞানীরা। এসব প্রকল্পসহ উৎসবে ছিল বিজ্ঞান বিষয়ক বক্তৃতা, সায়েন্স ফিকশন প্রদর্শনী প্রভৃতি।